# স্নাতক পরীক্ষা-২০২১

# সাম্মানিক বাংলা

## সপ্তম পত্র

পূর্ণমান : ১০০ সময় : ৪ ঘণ্টা

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*

*সংক্ষিপ্ত অথচ যথাযথ উত্তর দাও।*

১। যে-কোনো **আটটি** প্রশ্নের উত্তর দাও : ২×৮=১৬

ক) ''ডাক্‌চেন মোরে, কিন্তু চাচ্চেন তোমারে।''—উক্তিটির বক্তা কে? কাকে উদ্দেশ্য করে বক্তা এই মন্তব্যটি করেছেন?

খ) ''নীলের দাদন ধোপার ভ্যালা, একবার লাগলে আর ওটেনা''—উদ্ধৃতাংশটির বক্তা কে? 'দাদন' কী?

গ) ''হা বিধাতঃ! এমন লোককেও নিপাত করিলে!''—উক্তিটির বক্তা কে? কোন্ প্রসঙ্গে বক্তা এই মন্তব্যটি করেছেন?

ঘ) ''না, তাকে আসক্তি বলে না। সে একটা উদ্দাম প্রবৃত্তি।''—উক্তিটির বক্তা কে? কাকে উদ্দেশ্য করে বক্তা এই মন্তব্যটি করেছেন?

ঙ) ''প্রেম শুদ্ধ বিশ্বাস আর সেবা চায় না। এ তৃষ্ণা অন্তরের।''—উক্তিটির বক্তা কে? উক্তিটি কোন্ অঙ্কের কোন্ দৃশ্যের অন্তর্গত?

[পরের পাতায়]

চ) ''এ অপরাধের যোগ্য দণ্ড এক মৃত্যু।''—বক্তা কে? কাকে উদ্দেশ্য করে বক্তা এই মন্তব্যটি করেছেন?

ছ) অমলের পদবী কী? মাধব দত্তের সঙ্গে তার কী সম্পর্ক?

জ) ''পিসেমশায়, রাজা আসবেন, তাঁর জন্যে কী ভোগ তৈরি রাখবে?''—উক্তিটির বক্তা কে? কী ধরনের ভোগের কথা এখানে বলা হয়েছে?

ঝ) ''দই বেচতে যে কত সুখ সে তোমার কাছে শিখে নিলুম।''—উক্তিটির বক্তা কে? কাকে উদ্দেশ্য করে বক্তা এই মন্তব্যটি করেছেন?

ঞ) ''এইবেরে ভালো কর্যা ভেব্যে দেখো তুমি, আর কি আমারে নিয়্যা ঘর করা তোমার সম্ভব?''—বক্তা কে? কাকে উদ্দেশ্য করে বক্তা এই মন্তব্যটি করেছেন?

ট) ''যাও চল্যা যাও হেথা হতে। আমি সে বণিক নই।''—উক্তিটির বক্তা কে? কাকে উদ্দেশ্য করে বক্তা এই মন্তব্যটি করেছেন?

ঠ) বল্লভাচার্য্যের পত্নী কোন্ রোগে আক্রান্ত ছিলেন?

২। প্রতিটি পাঠ্যগ্রন্থ থেকে অন্তত **একটি** করে প্রশ্ন নিয়ে মোট **ছয়টি** প্রশ্নের উত্তর দাও : ৬×৬=৩৬

ক) 'নীলদর্পণ' নাটকে হাস্যরসের প্রয়োগ সম্পর্কে আলোচনা করো। ৬

খ) 'নীলদর্পণ' নাটকে ইংরেজ চরিত্র দুটি নাম কী? যে কোনো একজনের সম্পর্কে আলোচনা করো। ২+৪=৬

গ) 'নূরজাহান' নাটকে সংলাপের গুরুত্ব বুঝিয়ে দাও। ৬

ঘ) ‘নূরজাহান’ নাটকের নামচরিত্রটি নিয়ে আলোচনা করো। শের খাঁকে নাটকের কোন্ অঙ্কের কোন্ দৃশ্যে শেষ দেখা যায়? ৪+২=৬

ঙ) ‘ডাকঘর’ নাটকে সুধা চরিত্রের গুরুত্ব বিচার করো। ৬

চ) ‘ডাকঘর’ নাটকে প্রকৃতি চেতনার পরিচয় দাও। ৬

ছ) ন্যাড়া কে? নাটকে ন্যাড়া চরিত্রের প্রাসঙ্গিকতা বিচার করো। ১+৫=৬

জ) ‘চাঁদ বণিকের পালা’ নাটকে সনকা চরিত্রটির গুরুত্ব বিচার করো। ৬

ঝ) ‘নীলদর্পণ’ নাটকে গোলক বসু চরিত্রটির বৈশিষ্ট্য আলোচনা করো। ৬

ঞ) লায়লা চরিত্রের গুরুত্ব বিচার করো। লায়লাকে নাটকের কোন্ অঙ্কের কোন্ দৃশ্যে প্রথম দেখা যায়? ৪+২=৬

৩। প্রতিটি পাঠ্যগ্রন্থ থেকে অন্তত **একটি** করে প্রশ্ন নিয়ে মোট **চারটি** প্রশ্নের উত্তর দাও : ১২×৪=৪৮

ক) ‘নীলদর্পণ’ নাটকে ভদ্রেতর চরিত্রগুলির সংলাপ রচনায় নাট্যকারের কৃতিত্ব আলোচনা করো। ১২

খ) ‘নীলদর্পণ’ নাটকে নীলচাষীদের দূরবস্থা নিয়ে যে বর্ণনা আছে তা আলোচনা করো। গোপীনাথ দাসকে নাটকে প্রথমে কোন্ অঙ্কের কোন্ গর্ভাঙ্কে দেখা যায়? ১০+২=১২

গ) ট্র্যাজেডি নাটক হিসাবে ‘নূরজাহানের’ সার্থকতা বিচার করো। ১২



ঘ) ‘নূরজাহান’ নাটকে ব্যবহৃত সঙ্গীতগুলির ভূমিকা পর্যালোচনা করো। ‘নূরজাহান’ নাটকের প্রথম সঙ্গীতটির দু’ লাইন লেখো। ১০+২=১২

ঙ) ‘‘অমলের আকৃতি ও ব্যাকুলতা একটা গভীর তত্ত্বব্যঞ্জক হইলেও শিশু চরিত্রের কৌতূহলী রহস্যপ্রিয়তা তাহার ভূমিকাকে বিশেষ সরস করিয়া তুলিয়াছে।’’—আলোচনা করো। ১২

চ) ‘‘ডাকঘর’ নাটকে রবীন্দ্রনাথ কোনো গান ব্যবহার করেননি, কারণ এ নাটকের সংলাপগুলিই সঙ্গীতধর্মী’’—মন্তব্যটি বিচার করো। ১২

ছ) ‘চাঁদ বণিকের পালা’ নাটকের চাঁদ সদাগর চরিত্রটি নিয়ে আলোচনা করো। লখিন্দরকে নাটকের কোন্ পর্বে প্রথম দেখা যায়? ১০+২=১২

জ) ‘চাঁদ বণিকের পালা’ নাটকটির নির্মাণ কৌশল বিষয়ে আলোকপাত করো। সনকাকে নাটকের কোন্ পর্বে প্রথম দেখা যায়? ১০+২=১২

———